অবিলম্বে প্রকাশের জন্য: 12/5/2025 **গভর্নর ক্যাথি হোকল**

স্টেটব্যাপী 30টি কমিউনিটি সেন্টার প্রকল্পের জন্য NY BRICKS-এর 100 মিলিয়ন ডলার অনুদান দেওয়ার কথা ঘোষণা করলেন গভর্নর হোকল

এই পুরষ্কার এমন সেন্টার নির্মাণ বা সংস্কার করবে যা বিনামূল্যে বা কম-খরচের প্রোগ্রামিংয়ের মাধ্যমে স্টেট জুড়ে প্রায় 400,000 নিউ ইয়র্কবাসীর জন্য কাজ করে

প্রকল্পগুলি পরিবার, শিশু এবং বয়স্কদের জন্য শারীরিক স্বাস্থ্য, মানসিক সুস্থতা এবং কমিউনিটি সংযোগের প্রচার করে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে Building Recreational Infrastructure for Communities, Kids and Seniors (NY BRICKS) ক্যাপিটাল অনুদান প্রোগ্রামের মাধ্যমে মোট 100 মিলিয়ন ডলারের 30টি পুরষ্কারের কথা ঘোষণা করেছেন। এই অনুদান নিউ ইয়র্ক স্টেট জুড়ে পৌরসভা এবং অলাভজনক সংস্থাগুলিকে যুব ও বয়স্কদের জন্য শারীরিক স্বাস্থ্য, মানসিক সুস্থতা এবং সম্প্রদায়ের সংযোগ প্রচার করে এমন কমিউনিটি সেন্টার নির্মাণ বা সংস্কারে সহায়তা করবে। এই পুরষ্কার, যা দিয়ে স্টেট জুড়ে প্রায় 400,000 নিউ ইয়র্কবাসীকে উপকৃত হবে, তাতে 100 মিলিয়ন ডলারের NY BRICKS প্রোগ্রাম থেকে অর্থায়ন করা হয়, যা গভর্নর Hochul (হোকল) 2026 অর্থবছরের প্রণীত বাজেটে নিশ্চিত করেছিলেন।

“নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি কোণায় থাকা সম্প্রদায়কে আরও শক্তিশালী, আরও সুস্থ করে তোলার প্রতি আমাদের প্রতিশ্রুতি আমরা আজ রাখছি” **গভর্নর Hochul (হোকল) বলেন।** "NY BRICKS অনুদান এমন সাশ্রয়ী এবং অ্যাক্সেসযোগ্য জায়গা তৈরি করবে যেখানে বাচ্চারা খেলতে পারে, পরিবারগুলো পরস্পরের সাথে সংযুক্ত হতে পারে এবং প্রবীণরা সক্রিয় এবং জড়িত থাকতে পারে। এই তহবিক 30টি সম্প্রদায়ের কাছে পৌঁছেছে দেখে আমি গর্বিত এবং আমি এই সেন্টারগুলোকে কার্যকর দেখার অধীর অপেক্ষায় আছি।"

NY BRICKS অনুদান নিউ ইয়র্ক স্টেট জুড়ে 22টি কাউন্টির প্রকল্পে অর্থায়ন করবে, যা স্টেটব্যাপী পৌঁছানো এবং প্রোগ্রামটির ভৌগলিক বৈচিত্র্যকে প্রতিফলিত করে। অনুদান দেওয়া তহবিলের 90 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের প্রকল্পগুলোকে সমর্থন করবে। এইসব কমিউনিটি সেন্টারগুলোর নকশা, নির্মাণ, সংস্কার, এবং জমি নিয়ে নেওয়ার জন্য NY BRICKS 260,000 মার্কিন ডলার থেকে 15 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত তহবিল দেবে। প্রজেক্টগুলি প্রদর্শিত চাহিদা, সম্প্রদায়ের প্রভাব এবং কার্যকারিতার উপর ভিত্তি করে নির্বাচন করা হয়েছিল, যেখানে সুবিধাবঞ্চিত সম্প্রদায় এবং চাইল্ডকেয়ার, বয়স্কদের যত্ন এবং মানসিক স্বাস্থ্যের

কাউন্সেলিংয়ের মতো সাশ্রয়ী মূল্যের পরিষেবা প্রদানকারী সুযোগ-সুবিধাগুলিকে অগ্রাধিকার দেওয়া হয়েছে।

NY BRICKS অনুদান প্রাপকদের একটি সম্পূর্ণ তালিকা dasny.org/BRICKS-এ রয়েছে।

NY BRICKS প্রোগ্রামটি এমন ন্যায়সঙ্গত, উচ্চ-প্রভাবশালী কমিউনিটি সেন্টারের প্রয়োজনীয়তার উপর জোর দেয় যা যুব, পরিবার, বয়স্ক এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে অ্যাক্সেসযোগ্য বিনোদনমূলক প্রোগ্রামিং, নিরাপদ সমাবেশের জায়গা এবং চাইল্ডকেয়ার, বয়স্ক যত্ন এবং মানসিক স্বাস্থ্য সহায়তার মতো প্রয়োজনীয় পরিষেবাগুলির মাধ্যমে সাহায্য করে। সমস্ত পুরস্কৃত প্রকল্পের জন্য প্রাপকদের কাছ থেকে 20 শতাংশ মানানসই অবদান প্রয়োজন।

ডর্মিটরি অথোরিটি অফ দ্য স্টেট অফ নিউ ইয়র্কের (Dormitory Authority of the State of New York, DASNY) প্রেসিডেন্ট এবং CEO Robert J. Rodriguez (রবার্ট জে. রড্রিগেজ) বলেন, "এই NY BRICKS পুরষ্কারগুলি আমাদের সম্প্রদায়ের কেন্দ্রবিন্দুতে একটি বড় বিনিয়োগের প্রতিনিধিত্ব করে। নর্থ কান্ট্রি (North Country) থেকে লং আইল্যান্ড (Long Island) এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Western New York) থেকে ক্যাপিটাল রিজিয়ন (Capital Region) পর্যন্ত, এই নতুন এবং সংস্কার করা কমিউনিটি সেন্টারগুলি নিরাপদ, আন্তরিক স্থান প্রদান করবে যেখানে সকল বয়সের নিউ ইয়র্কবাসীরা সংযোগ স্থাপন করতে, সক্রিয় থাকতে এবং গুরুত্বপূর্ণ পরিষেবাগুলি অ্যাক্সেস করতে পারবেন। এই রূপান্তরমূলক কর্মসূচি পরিচালনার জন্য OPRHP-এর সাথে কাজ করতে পেরে DASNY সম্মানিত এবং আমাদের স্টেট জুড়ে স্বাস্থ্যকর, আরও প্রাণবন্ত সম্প্রদায়ের জন্য সুযোগ তৈরিতে গভর্নর Hochul (হোকল)-এর দৃষ্টিভঙ্গির জন্য কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেটের পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন (New York State Office of Parks, Recreation and Historic Preservation) কমিশনার Kathy Moser (ক্যাথি মোসের) বলেন, "NY BRICKS-এর অনুদান অগণিত পরিবারকে সংযোগ স্থাপন, খেলাধুলা এবং গুরুত্বপূর্ণ সম্প্রদায় পরিষেবাগুলি অ্যাক্সেস করার জন্য নিরাপদ স্থান খুঁজে পেতে সহায়তা করবে। গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্ব এবং তার 'আনপ্লাগ অ্যান্ড প্লে' উদ্যোগের দৌলতে, স্টেট জুড়ে সম্প্রদায়গুলোকে শক্তিশালী করার জন্য DASNY-এর সাথে অংশীদারিত্বে এই ক্যাপিটাল তহবিল চালু করতে পেরে আমরা গর্বিত। পরিশেষে, NY BRICKS-এর প্রকৃত মূল্য ডলারে পরিমাপ করা হবে না, বরং শিশু, পরিবার এবং বয়স্কদের উন্নত স্বাস্থ্য, সুস্থতা এবং সংযোগের মাধ্যমে পরিমাপ করা হবে।"

স্টেট সিনেটর José Serrano (জোশ সেরানো) বলেন, "স্টেট জুড়ে কমিউনিটি প্রোগ্রামগুলোতে প্রদত্ত 100 মিলিয়ন ডলারের NY BRICKS অনুদান অবকাঠামোকে শক্তিশালী করবে এবং উচ্চমানের পরিষেবা সম্প্রসারণ করবে যা প্রতিটি বয়সের নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও সুস্থতার উন্নতি করবে। সম্প্রদায়ের সুস্থতাকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-এর কাছে কৃতজ্ঞ, এবং আমি গর্বিত যে 29তম সিনেট ডিস্ট্রিক্টে পরিষেবা প্রদানকারী BronxWorks, 1130 গ্র্যান্ড কনকোর্স-এ তার ফেসিলিটি সংস্কারের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার পাবে।"

স্টেট সিনেটর Roxanne J. Persaud (রোক্সান জে. পারসাউড) বলেন, "NY BRICKS অনুদানের জন্য অর্থায়ন করার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-এর প্রশংসা করি যা নিরাপদ, আন্তরিক স্থান তৈরি করবে যেখানে নিউ ইয়র্কবাসীরা সাশ্রয়ী মূল্যের প্রোগ্রামগুলো অ্যাক্সেস করতে, সংযোগ তৈরি করতে এবং তাদের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের উন্নতি করতে পারবে। আমাদের স্টেট জুড়ে এই প্রজেক্টগুলোর দীর্ঘমেয়াদী প্রভাব থাকবে, বিশেষ করে সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর ক্ষেত্রে। আমাদের আশেপাশে এমন অর্থবহ সমর্থন দেখে আমি আনন্দিত।"

কুইন্স কমিউনিটি হাউস (Queens Community House)-এর CEO Ben Thomases (বেন থমাসেস) বলেন, "প্রতিদিন, কুইন্স কমিউনিটি হাউসের দল সকল বয়সের এবং সকল পটভূমির মানুষকে সহায়তা করার জন্য বিনামূল্যে, প্রয়োজনীয় পরিষেবা প্রদান করে। এই কাজের জন্য আকর্ষণীয়, আন্তরিক কমিউনিটি সেন্টার অত্যন্ত গুরুত্বপূর্ণ। কমিউনিটি সেন্টারে বিনিয়োগের অর্থ হল আগামী প্রজন্মের জন্য নেইবারহুডে বিনিয়োগ। তাদের গুরুত্ব স্বীকৃতি দেওয়ার জন্য, BRICKS প্রোগ্রাম তৈরি করার জন্য এবং পোমোনোক কমিউনিটি সেন্টারকে (Pomonok Community Center) এই সম্প্রদায়ের জন্য একটি সত্যিকারের বাড়িতে রূপান্তরিত করার উদ্দেশ্যে 5 মিলিয়ন ডলার অনুদান প্রদানের জন্য আমরা গভর্নর Hochul (হোকল)-এর কাছে কৃতজ্ঞ।"

অনুদানপ্রাপ্ত প্রকল্পসমূহের মধ্যে রয়েছে:

রাজধানী অঞ্চল

- **Albany Jewish Community Center** - আলবানির 340 হোয়াইটহল রোডে অবস্থিত কমিউনিটি সেন্টারের বাড়তি কাজ এবং সংস্কারের কাজ করার সমর্থনে 5 মিলিয়ন ডলার।
- **Civic Center of Moreau, Inc.** - সাউথ গ্লেনস ফলসের 144 মেইন স্ট্রিটে অবস্থিত কমিউনিটি সেন্টার সংস্কারের জন্য 712,000 মার্কিন ডলার।

Central NY

- **Catholic Charities of Onondaga County** - সিরাকিউজের 500 সেমুর স্ট্রিটে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 1.35 মিলিয়ন ডলার।
- **Town of Granby** - ফুলটনের 812 কাউন্টি রুট 8-এ অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 1 মিলিয়ন ডলার।
- **Town of Volney** - ফুলটনের 1445 কাউন্টি রুট 6-এ অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 4.67 মিলিয়ন ডলার।

লং আইল্যান্ড

- **City of Long Beach** - লং বিচের 650 ম্যাগনোলিয়া বুলেভার্ডে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 539,934 মার্কিন ডলার।
- **Village of Hempstead** - হেম্পস্টেডের 90 আটলান্টিক অ্যাভিনিউতে অবস্থিত একটি নতুন কমিউনিটি সেন্টার নির্মাণে 15 মিলিয়ন ডলার সহায়তা।

মিড হাডসন

- **City of Kingston** - কিংস্টনের 105 ব্রডওয়েতে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 3 মিলিয়ন ডলার সহায়তা।
- **Community Outreach Center, Inc.** - মনসির 21 রেমসেন অ্যাভিনিউতে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংযোজন ও সংস্কার কাজে 2 মিলিয়ন ডলারের সহায়তা।
- **Port Chester Carver Center** - পোর্ট চেস্টারের 400 ওয়েস্টচেস্টার অ্যাভিনিউতে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 863,972 ডলার।
- **Red Hook Community Center, Inc.** - রেড হুকের 59 ফিস্ক স্ট্রিটে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 310,000 ডলার সহায়তা।
- **Town of Marbletown** - স্টোন রিজের 3564 মেইন স্ট্রিটে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 1.31 মিলিয়ন ডলার সহায়তা।
- **Village of Haverstraw** - হ্যাভারস্ট্রর 50 ওয়েস্ট ব্রড স্ট্রিটে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংযোজন এবং সংস্কার কাজে সহায়তা করার জন্য 4.56 মিলিয়ন ডলার।

মোহক ভ্যালি

- **Alcoholism & Substance Abuse Council of Hamilton, Fulton & Montgomery** - আমস্টারডামের 303-305 ইস্ট মেইন স্ট্রিটে অবস্থিত একটি নতুন কমিউনিটি সেন্টার নির্মাণে 1.52 মিলিয়ন ডলার সহায়তা।
- **Town of Herkimer** - হারকিমারের 160 পাইন গ্রোভ রোডে অবস্থিত নতুন কমিউনিটি সেন্টারের নির্মাণের জন্য 3.61 মিলিয়ন ডলার সহায়তা।

নিউ ইয়র্ক সিটি

- **BronxWorks, Inc.** - ব্রঙ্কসের 1130 গ্র্যান্ড কনকোর্সে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 5 মিলিয়ন ডলার সহায়তা।
- **Center for Family Life in Sunset Park, Inc.** - ব্রুকলিনের 443 39তম স্ট্রিটে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 452,000 ডলার সহায়তা।
- **Graham Windham** - ব্রঙ্কসের 1946 ওয়েবস্টার অ্যাভিনিউতে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 5 মিলিয়ন ডলার সহায়তা।
- **Grand Street Settlement** - নিউ ইয়র্কের 175 ডেল্যান্সি স্ট্রিটে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 1.44 মিলিয়ন ডলার সহায়তা।
- **Madison Square Boys & Girls Club, Inc.** - ব্রুকলিনের 2245 বেডফোর্ড অ্যাভিনিউতে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 639,214 ডলার সহায়তা।
- **New York City Department of Parks & Recreation** - ব্রঙ্কসের 550 ইস্ট ট্রেমন্ট অ্যাভিনিউতে অবস্থিত একটি নতুন কমিউনিটি সেন্টার নির্মাণে 15 মিলিয়ন ডলার সহায়তা।
- **Queens Community House** - কুইন্সের 67-09 কিসেনা বুলেভার্ডে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 5 মিলিয়ন ডলার সহায়তা।
- **Sunnyside Community Services, Inc.** - কুইন্সের 43-31 39তম স্ট্রিটে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 825,965 ডলার সহায়তা।

নর্থ কান্ট্রি

- **United Helpers Care, Inc.** - ওগডেনসবার্গের 8101 স্টেট হাইওয়ে 68-এ অবস্থিত একটি নতুন কমিউনিটি সেন্টার নির্মাণে সহায়তার জন্য 9.88 মিলিয়ন ডলার সহায়তা।

সাউদার্ন টিয়ার

- **Economic Opportunity Program Inc of Chemung County** - এলমিরার 350 ইস্ট ফিফথ স্ট্রিটে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংযোজন এবং সংস্কার কাজে সহায়তা করার জন্য 7.51 মিলিয়ন ডলার সহায়তা।
- **Greater Ithaca Activities Center, Inc.** - ইথাকার 402 ডব্লিউ. কোর্ট স্ট্রিটে অবস্থিত একটি নতুন কমিউনিটি সেন্টার নির্মাণে সহায়তার জন্য 1.32 মিলিয়ন ডলার।
- **YMCA of Broome County** - জনসন সিটির 740 মেইন স্ট্রিটে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 1.41 মিলিয়ন ডলার সহায়তা।

ওয়েস্টার্ন NY

- **City of Salamanca** - সালামানকার 36 সাউথ অ্যাভিনিউতে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 277,600 ডলার সহায়তা।
- **Town of Brant** - ব্রান্টের 1020 ব্রান্ট ফার্নহ্যাম রোডে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 400,000 ডলার সহায়তা।
- **Winifred Crawford Dibert Boys & Girls Club of Jamestown, Inc.** - জেমসটাউনের 62 অ্যালেন স্ট্রিটে অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কারের জন্য 260,000 ডলার সহায়তা।

গভর্নর Hochul (হোকল)-এর আনপ্লাগ অ্যান্ড প্লে উদ্যোগ

NY BRICKS হল গভর্নর Hochul (হোকল)-এর আনপ্লাগ অ্যান্ড প্লে উদ্যোগের একটি ভিত্তিপ্রস্তর, যা শিশু এবং পরিবারগুলিকে তাদের স্ক্রিন নামিয়ে রাখতে, সোশ্যাল মিডিয়া থেকে বিরতি নিতে এবং বিনোদন এবং বহিরঙ্গন কার্যকলাপকে অগ্রাধিকার দিতে উৎসাহিত করে শারীরিক ও মানসিক স্বাস্থ্যের প্রচার করে। এই উদ্যোগের মধ্যে রয়েছে NY BRICKS-এর জন্য 100 মিলিয়ন ডলার; নিউ ইয়র্কের সম্প্রদায়গুলিকে নতুন খেলার মাঠ তৈরি এবং বিদ্যমান খেলার মাঠ সংস্কারে সহায়তা করার জন্য প্লেসেস ফর লার্নিং, অ্যাক্টিভিটি অ্যান্ড ইয়ুথ সোশালাইজেন (NY PLAYS) উদ্যোগের 67.5 মিলিয়ন ডলার; এবং 2024 সালে স্টেটওয়াইড ইনভেস্টমেন্ট ইন মোর সুইমিং (NY SWIMS) উদ্যোগের জন্য 150 মিলিয়ন ডলার এবং FY26 সালের প্রণীত বাজেটে অতিরিক্ত 90 মিলিয়ন ডলারও অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে রয়েছে সাঁতারের কেন্দ্র সংস্কার ও নির্মাণে পৌরসভাগুলিকে সহায়তা করার জন্য একটি প্রতিযোগিতামূলক অনুদান কর্মসূচিতে 50 মিলিয়ন ডলার এবং অন্যান্য সাঁতার-ভিত্তিক বিনিয়োগের জন্য 40 মিলিয়ন ডলার।

NY BRICKS প্রোগ্রামটি যৌথভাবে ডর্মিটরি অথোরিটি অফ দ্য স্টেট অফ নিউ ইয়র্ক (Dormitory Authority of the State of New York, DASNY) এবং নিউ ইয়র্ক স্টেটের (New

York State) অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন (Office of Parks, Recreation and Historic Preservation, OPRHP) পরিচালনা করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন